# Times Today BD

মঞ্জুরুল ইসলাম | বিনোদন | 12 June, 2025

চলচিত্র ও নাট্যকার সমু চৌধুরীকে ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলার পাগলা থানা এলাকার একটি মাজারে গামছা পড়া অবস্থায় দেখা গেছে।ইতিমধ্যে এমন কিছু ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক) ছড়িয়ে পড়েছে।

বৃহস্পতিবার (১২ জুন) দুপুরে পাগলা থানা এলাকার মুখী শাহ্ মিসকিন মাজারের পাশে গাব গাছের নিচে শুয়ে থাকতে দেখা যায়।

স্থানীয় মামুন নামে এক যুবক প্রথমে সমু চৌধুরীর ছবি তুলে ফেসবুকে পোষ্ট করেন এবং তিনি নিজেই বিষয়টি নিশ্চিত করেছেন।

পাগলা থানার ডিউটি অফিসার এসআই শাহ আলম বলেন, আপনি ফোন করে বিষয়টি আমাকে অবগত করার পর খোঁজ নিয়ে ঘটনার সত্যতা পাওয়া গেছে।পুলিশ ঘটনাস্থলের দিকে রওনা হয়েছে।পরবর্তীতে আরও বিস্তারিত জানানো যাবে বলেও জানান তিনি।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 04:28

URL: https://www.timestodaybd.com/entertainment/3383775807